



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd



জরুরি

নম্বর: ২৭.১১.০০০০.১০১.৩৫.০০২.২০-২৯৯

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৭
২৩ জুলাই ২০২০

বিষয়: ২০২০-২০২১ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের ভ্রমণ ব্যয় হ্রাসকরণ

সূত্র: অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১'র পরিপত্র নং: ০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২০-০৯,
তারিখ: ১৯ জুলাই ২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ হতে বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব মোকাবেলায় সরকারের অগ্রাধিকার খাতসমূহে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের মাধ্যমে সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে ২০২০-২০২১ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের “৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়” খাতে অর্থ ব্যয় হ্রাসকরণ সংক্রান্ত বিষয়ে একটি পরিপত্র জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক ভ্রমণ ব্যয় হ্রাসকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: অর্থ বিভাগের ১৯ জুলাই ২০২০ তারিখের পরিপত্র।

(সাইফুল ইসলাম আজাদ)
সচিব

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ফোন: ০২-৯৫৫৪২০৯
Secretary@bpdb.gov.bd

সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/
প্রকল্প পরিচালক(প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/
মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ)/পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/
ব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/প্রধান চিকিৎসা কর্মকর্তা/অতিরিক্ত পরিচালক/
উপ-পরিচালক/নির্বাহী প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

নম্বর: ২৭.১১.০০০০.১০১.৩৫.০০২.২০-২৯৯/১(৫)

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৭
২৩ জুলাই ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য, প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/কোম্পানি অ্যাফেয়ার্স/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ২। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেন্টার, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (পত্রটি বিউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপসচিব, প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/কোম্পানি অ্যাফেয়ার্স/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।

(মোঃ রানা ইকবাল)
উপ-সচিব (সংস্থাপন)
ফোন: ০২-৯৫৫০৫২৩

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২০-০৯

তারিখ: ১৯ জুলাই ২০২০
০৪ শ্রাবণ ১৪২৭


পরিপত্র

বিষয়ঃ ২০২০-২১ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের ভ্রমণ ব্যয় হ্রাসকরণ।

বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব মোকাবেলায় সরকারের অগ্রাধিকার খাতসমূহে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের মাধ্যমে সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে ২০২০-২১ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিয়োক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

- শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যাবে;
- সরকারি ভ্রমণের ব্যয় নির্বাহের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের ৫০% বরাদ্দ স্থগিত থাকবে; এবং
- সকল প্রকার রুটিন ভ্রমণ পরিহার করতে হবে।

২। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।


(মোঃ তোহিদুল ইসলাম)
উপসচিব
৯৫১৪১৪৬

ই-মেইলঃ touhiduli@finance.gov.bd

বিতরণ:

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
- বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
- সিনিয়র সচিব/সচিব,, মন্ত্রণালয়/বিভাগ
- হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
- কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
- অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
- কর্মসূচি নির্বাহী ও সমন্বয়ক (যুগ্ম সচিব), Strengthening Public Financial Management to Enable Service Delivery, অর্থ বিভাগ
- মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা